

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৩৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৭. সালাত শুরু করা সম্পর্কে

باب افْتِتَاحِ الصَّلَاةِ

### আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا أَبُو بَدْرٍ، حَدَّتَنِي زُهَيْرٌ أَبُو خَيْتَمَةَ، حَدَّتَنَا الْحَسَنُ بْنُ الْحُرِّ، حَدَّتَنِي عِيسَى بْنُ عَبْدِ اللهِ بْنِ مَالِك، عَنْ مُحَمَّد بْنِ عَمْرِو بْنِ عَطَاءِ، الْحَسَنُ بْنُ الْحُرِّ، حَدَّتَنِي عِيسَى بْنُ عَبْدِ اللهِ بْنِ سَهْلِ السَّاعِدِيِّ أَنَّهُ كَانَ فِي مَجْلِسٍ فِيهِ أَجُوهُ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَفِي الْمَجْلِسِ أَبُو هُرَيْرَةَ وَأَبُو عُبُو حُمَيْدِ السَّاعِدِيُّ وَأَبُو أُسَيْد بِهَذَا الْخَبَرِ يَزِيدُ أَوْ يَنْقُصُ قَالَ فِيهِ ثُمَّ رَفْعَ رَأْسَهُ - يَعْنِي مِنَ الرُّكُوعِ - فَقَالَ " سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ اللهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللهُ لَمَنْ حَمِدَهُ اللهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللهُ لَمَنْ حَمِدَهُ اللهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ " اللهُ أَكْبُرُ " . فَسَجَدَ فَانْتَصَبَ عَلَى كَفَيْهِ وَرُكْبَتَيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُوَ سَاجِدٌ ثُمُّ كَبَّرَ فَجَلَسَ أَكْبُرُ " . فَسَجَدَ فَانْتَصَبَ عَلَى كَفَيْهِ وَرُكْبَتِيْهِ وَصُدُورِ قَدَمَيْهِ وَهُو سَاجِدٌ ثُمَّ كَبَرَ فَجَلَسَ فَتَوَرَّكَ وَنَصَبَ قَدَمَهُ الأُخْرَى ثُمَّ كَبَّرَ فَسَجَدَ ثُمَّ كَبُرَ فَلَاهُمْ كَبُر فَقَامَ وَلَمْ يَتُورَكُ ثُمَّ سَاقَ الْحَدِيثَ قَالَ اللهُ مُنَيْنِ وَلَمْ يَدُورُ وَلَمْ يَتُورُكُ فِي التَّشَهُدِ .

\_ ضعیف

#### বাংলা

৭৩৩। 'আব্বাস অথবা 'আইয়্যাশ ইবনু সাহল আস-সাঈদী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, তিনি সাহাবীগণের একটি মাজলিসে উপস্থিত হন, যেখানে তাঁর পিতা, আবৃ হুরাইরাহ্ (রাঃ), আবৃ হুমায়িদ আস-সাঈদী এবং আবৃ উসায়িদ (রাঃ)-ও উপস্থিত ছিলেন। এই সূত্রে উপরোক্ত হাদীস কিছুটা হ্রাসবৃদ্ধিসহ বর্ণিত হয়েছে। তাতে বর্ণনাকারী বলেন, অতঃপর তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু' হতে মাথা উঠিয়ে 'সামিআল্লাহু লিমান হামিদাহ্ আল্লাহুম্মা রব্বানা লাকাল হামদ' বলে নিজের দু' হাত উত্তোলন করতেন।



তারপর আল্লাহ আকবার বলে সিজদায় যেতেন এবং সিজদাতে হাতের তালু, হাঁটু ও পায়ের পাতার উপর ভর করতেন। তারপর তিনি আল্লাহু আকবার বলে (সিজদা্ হতে উঠে) বাম পার্শ্বের পাছার উপর ভর করে বসতেন আর অন্য পা সোজা করে রাখতেন। তারপর তাকবীর বলে সিজদায় যেতেন এবং পুনরায় তাকবীর বলে সিজদা্ হতে উঠে বাম পার্শ্বের পাছার উপর না বসে দাঁড়িয়ে যেতেন। অতঃপর (পুরো) হাদীস বর্ণনা করেন। বর্ণনাকারী বলেন, অতঃপর তিনি দু' রাক'আত সালাত শেষে বসার পর (তৃতীয় রাক'আতের জন্য) দাঁড়ানোর ইচ্ছা করলে তাকবীর বলে দাঁড়াতেন এবং (এভাবে) অবশিষ্ট দু' রাক'আত সালাত আদায় করতেন। কিন্তু তাতে শেষ বৈঠকে বাম পার্শ্বের পাছার উপর বসার কথা উল্লেখ নেই।[1]

দুর্বল।

## **English**

Abbas or 'Ayyash b. Sahl as-Sa'idi said that he was present in a meeting which was attended by his father who was one of the companions of the Prophet(), Abu Hurairah, Abu Humaid al-Sa'idi and Abu Usaid. He narrated the same tradition with a slight addition or deletion. He said: He then raised his head after bowing and uttered: "Allah listens to him who praises Him, to Thee, our Lord, be the praise," and raised his hands. He then uttered: "Allah is most great"; then he prostrated himself and rested on his palms, knees, and the end of his toes while prostrating: then he uttered the Takbir (Allah is most great), and sat down on his hips and raised his other foot; then he uttered the takbir and prostrated himself; then he uttered takbir and stood up, but did not sit on his hips. He (the narrator) then narrated the rest of the tradition. He further said: Then he sat down at the end of two rak'ahs; when he was about to stand after two rak'ahs, he uttered the takbir; then he offered the last two rak'ahs of the prayer. The narrator did not mention about his sitting on the hips spreading out his feet.

## ফুটনোট

[1] দারিমী (অধ্যায়ঃ সালাত, হাঃ ১৩০৭৪) ফালীহ ইবনু সুলায়মান সূত্রে 'আব্বাস ইবনু সাহল থেকে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন